

একটি চিঠি

বলাকা তোমার শুভ্র চোখেতে পায়নি ঘুম ?

জানো না কি এটা কুয়াশায় ঢাকা

রাত নিঝুম !

স্বপ্ন দেখো না ? এখনো কি তার

সময় নয় ?

বলাকা, তুমি কি পেয়েছো ভয় ?

জানো নাকি আমি পথে ঘুরে-ঘুরে, দিশেহারা-

আকাশের মায়া গান গেয়ে করে

গৃহছাড়া।

তোমার বাঁশিতে ফুঁ দিয়েছি আমি

সেই ধ্বনি-

বলাকা এই কি জাগরণী ?

মরু পর্বতে ঘূর্ণিঝড় যে হোল শুরু ।

আকাশের বুকে মেঘশিশুদের

গুরু গুরু ।

হিংস্র নখর এখনো লুকোয় বাঁকে-বাঁকে

সরল কুমারী বোবা চোখে শুধু

চেয়ে থাকে ।

সমুদ্র-ঝড় আসেনি এখনও মনে-মনে ?

বলাকা-হৃদয় এখনও কি শুধু দিন গোনো !

মন উত্তাল পাখি শুধু ডাকে বোবা যুগে ,

ফেরারি বাহিনী বছর কাটায়

উদ্যোগে ।

মনের সূর্য তবুও ভাঙবে অন্ধ ঘোর

বলাকা, তুমি কি দেখনি ভোর ?

হৃদয় জাগানো পরশমণির সন্ধানেই

তাই তো অলস দুপুর যাপনে

শঙ্কা নেই ।

স্বপ্ন-সাগরে দিয়েছি নিজেকে

বিসর্জন

বলাকা, তোমার গ্রন্থি হবে না উন্মোচন ?

সুনীল গঙ্গোপাধ্যায়ের প্রথম মুদ্রিত কবিতা , দেশ, ১৭ ই চৈত্র ১৩৫৭, ৩১ শে মার্চ ১৯৫১